

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
পরিচালক (প্রশাসন)
www.dpe.gov.bd

স্মারক নম্বর:

৩৮.০১.০০০০.৯০০.৯৯.৩৫২.১৬.১

তারিখ: ২ চৈত্র, ১৪২৩

১৬ মার্চ, ২০১৭

বিষয়: প্রাথমিক শিক্ষা অফিসসমূহে ডিজিটাল নথি নম্বর ব্যবহার ও ই-ফাইল (নথি) বাস্তবায়ন।

বর্তমান সরকার ঘোষিত রূপকল্প ২০২১ অনুসারে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে স্বল্প সময়ে, কম খরচে এবং বিনা ভোগান্তিতে জনগণের দোরগোড়ায় সরকারি সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে নানাবিধ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই অংশ হিসেবে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অ্যাকসেস টু ইনফরমেশন প্রোগ্রাম কর্তৃক তৈরিকৃত ই-ফাইল (নথি) সিস্টেমটি উপজেলা হতে মন্ত্রণালয় পর্যন্ত বিভিন্ন সরকারি অফিসে ব্যবহার করা হচ্ছে। ইতোমধ্যে এ টু আই কর্তৃক ৬৩টি জেলা প্রাথমিক শিক্ষা অফিস এবং ১৫৭ টি উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের কর্মচারীদের ই-ফাইল (নথি) এর উপর প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং সংশ্লিষ্ট অফিসসমূহের লাইভ সার্ভারে দেয়া হয়েছে। জেলা ও উপজেলা পর্যায়ে অন্যান্য অফিসসমূহের সকল কর্মচারীকে অতিদ্রুত ই-ফাইল (নথি) এর উপর প্রশিক্ষণ সম্পন্ন করে লাইভ সার্ভারে দেয়া হবে।

০২। ই-ফাইল বাস্তবায়নের পূর্বশর্ত হচ্ছে সকল ধরনের ফাইলের নম্বর সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুসরণ করে প্রদান করা। এ বিষয়ে সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর পৃষ্ঠা নম্বর ১৫-১৬ ও ৭৩-৭৬ অনুসরণ জন্য নির্দেশনা অনুসরণ করতে হবে। উল্লিখিত নির্দেশমালাটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটের (www.dpe.gov.bd) আইন ও বিধিমালা মেনুতে পাওয়া যাবে।

০৩। বর্ণিতাবস্থায়, সকল জেলা ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসে ডিজিটাল নথি নম্বরের ব্যবহার ও যে সকল জেলা ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসে ই-ফাইলের প্রশিক্ষণ দেয়া হয়েছে তাদেরকে দৈনন্দিন অফিসিয়াল কার্যক্রমে ই-ফাইল (নথি) সিস্টেম ব্যবহারের মাধ্যমে সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতিব জরুরী।



- ১) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল),
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
২) উপজেলা শিক্ষা অফিসার (সকল), উপজেলা
শিক্ষা অফিস

মোঃ সাবের হোসেন
পরিচালক (প্রশাসন)
ফোন: 01712703985
ফ্যাক্স: 02-9038122

ইমেইল: saberhossain66@yahoo.co

স্মারক নম্বর:

৩৮.০১.০০০০.৯০০.৯৯.৩৫২.১৬.১/১(২)

তারিখ: ২ চৈত্র, ১৪২৩

১৬ মার্চ, ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল,

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর



মোঃ সাবের হোসেন
পরিচালক (প্রশাসন)